



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



নং- ঢাশিবো/বি/২১৬/ঢাকা/দ:/৪১৬

তারিখ : ২২/০৪/২০২২

বিষয় : রিট পিটিশন নং- ৪২০৪/২০২০ এর নির্দেশনা বাস্তবায়ন প্রসঙ্গে তাগাদাপত্র।

- সূত্র: ১. মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং- ৪২০৪/২০২০, তাং: ২৩/০৮/২০২০ এর আদেশ;
২. ঢাকা শিক্ষা বোর্ডের স্মারক নং- ঢাশিবো/বি/২১৬/ঢাকা/দ:/৩০০১০, তাং: ১৪/১০/২০২০ এর মাধ্যমে প্রেরিত পত্র;
৩. ঢাকা শিক্ষা বোর্ডের স্মারক নং- ঢাশিবো/বি/২১৬/ঢাকা/দ:/৪১১, তাং: ০৪/০৮/২০২১ এর মাধ্যমে প্রেরিত পত্র;
৪. অত্র বোর্ডের আইন উপদেষ্টার ১৫/০৬/২০২১ তারিখের মতামত।

সূত্রোক্ত (১) নং ক্রমিকে উল্লিখিত মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং- ৪২০৪/২০২০, তাং- ২৩/০৮/২০২০ এর আদেশ নিষ্পত্তিকল্পে বোর্ড কর্তৃক প্রধান শিক্ষক বরাবর সূত্রোক্ত (২) নং ক্রমিকে উল্লিখিত পত্রের মাধ্যমে উক্ত মামলার Annexure-E সহ আর্জির মূল কপি চেয়ে পত্র প্রেরণ করা হয়। সর্বশেষ, সূত্রোক্ত (৩) নং ক্রমিকে উল্লিখিত বোর্ড কর্তৃক ইস্যুকৃত প্রেরিত পত্রের মাধ্যমে বাদী কর্তৃক মাননীয় চেয়ারম্যান বরাবর গত ২৩/১২/২০১৯ তারিখের আবেদনটি বিধি মোতাবেক হাইকোর্ট বিভাগের নির্দেশনা অনুযায়ী নিষ্পত্তি করে বোর্ডকে অবহিত করার জন্য নির্দেশনা প্রদান করা হলেও সূত্রোক্ত (২) ও (৩) নং ক্রমিকে উল্লিখিত বোর্ড কর্তৃক প্রেরিত পত্রের নির্দেশনা মোতাবেক বিদ্যালয় কর্তৃপক্ষ অদ্যবধি এ ব্যাপারে প্রয়োজনীয় কোন পদক্ষেপ গ্রহণ করে নাই।

এমতাবস্থায়, জরুরীভিত্তিতে মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং- ৪২০৪/২০২০, তাং-২৩/০৮/২০২০ এর আদেশ অনুযায়ী বিধিমোতাবেক বিষয়টি নিষ্পত্তি করে বোর্ডকে অবহিত করার জন্য পুনরায় অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

প্রাপক : প্রধান শিক্ষক
বাইদগাঁও উচ্চ বিদ্যালয়
পো: কবিরপুর, উপজেলা: সাভার
জেলা: ঢাকা।

স্বা:
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

মেমো নং- ৪১৬(৮)

তারিখ : ২২/০৪/২০২২

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৩। জেলা শিক্ষা অফিসার, ঢাকা।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, সাভার, ঢাকা।
- ৫। সভাপতি, বাইদগাঁও উচ্চ বিদ্যালয়, পো: কবিরপুর, উপজেলা: সাভার, জেলা: ঢাকা।
- ৬। পিএস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৭। অফিস কপি।


২২/০৪/২০২২

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।


২২/০৪/২০২২